

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

- সদর কার্যালয় হতে বরাদ্দ এবং সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের জমা টাকার প্রেক্ষিতে নীতিমালা মোতাবেক মহিলা বিষয়ক অফিস কর্তৃক কার্যক্রম গ্রহণ;
- ঋণ গ্রহণে ইচ্ছুক মহিলাদের মাঝে আবেদনপত্র বিতরণ;
- প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে তালিকা প্রণয়ন;
- উপজেলা কমিটি কর্তৃক তালিকা বাছাই এবং টাকার হার নির্ধারণ;
- বাছাইকৃত তালিকা উপজেলা কমিটির সভায় উপস্থাপন;
- উপজেলা কমিটিতে অনুমোদন ও চূড়ান্ত তালিকা প্রণয়ন;
- উপকারভোগীদের সাথে উপকারভোগীদের খরচে ৩০০/- টাকার স্ট্যাম্পের মধ্যে চুক্তি সম্পাদন;
- উপকারভোগীদের মধ্যে চেক বিতরণ;
- উপকারভোগীদের ব্যাংক হতে টাকা গ্রহণ;
- চেক গ্রহণের ২ মাস পর থেকে মাসিক কিস্তিতে গ্রহণকৃত ঋণের কিস্তি পরিশোধ।

৬. ঋণগ্রহীতা বাছাইয়ের মানদণ্ড:

- ক) ঋণ প্রদানের ক্ষেত্রে স্বামী পরিত্যক্তা, বিধবা, ডিজিডি উপকারভোগী, শারীরিক প্রতিবন্ধি ও বিদেশ ফেরৎ কর্মক্ষম নারীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- খ) বয়সসীমা ১৮ বছর থেকে ৫৫ বছরের মধ্যে হতে হবে এবং ন্যূনতম অক্ষরজ্ঞান থাকতে হবে;
- গ) ঋণ প্রার্থীর ভিটে-বাড়ী থাকতে হবে অথবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ঘ) পরিবারের বার্ষিক আয় সর্বনিম্ন ১ লক্ষ টাকা হতে হবে।
- ঙ) ঋণ প্রার্থী একক/দলীয়ভাবে ঋণের আবেদন করবেন;
- চ) মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থা থেকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের ঋণ বিতরণে

বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

- ছ) বিশেষ ক্ষেত্রে সর্বাধিক দুইটি প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করতে পারবে।

৪. ক্ষুদ্রঋণ প্রদানের পরিমাণ ও সার্ভিস চার্জ নির্ধারণ:

- (১) এককভাবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা- ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা।
- (২) দলীয়ভাবে ১ লক্ষ থেকে ২ লক্ষ টাকা।
- (৩) সার্ভিস চার্জ- উভয় ক্ষেত্রে ৫%। গ্রেস পিরিয়ড - ২ মাস।
- (৪) সর্বোচ্চ ১ বছরের জন্য ১০ কিস্তি এবং ২ বছরের জন্য ২২ কিস্তিতে পরিশোধযোগ্য।